দৈনিক বাংলা

তারিখ ... 22-AUG 1995 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫ ...

16

# রাজবাড়ি সরকারী গ্রন্থাগারের ভিত্তি প্রস্তর স্থাপন

নিজস্ব সংবাদদাতা : রাজবাড়ি।– সংস্কৃতি প্রতিমন্ত্রী অধ্যাপিকা জাহানারা বেগম বলেছেন, সুস্থ পরিবেশে জাতি-গঠনে ভবিষ্যৎ প্রজন্মকে গড়ে তুলতে গণগ্রন্থাগারের ভূমিকা অপরিসীম। প্রতি-মন্ত্রী ১৩ আগস্ট আনুষ্ঠানিকভাবে রাজ-বাড়ি জেলা সরকারী গণগ্রন্থাগারের নিজস্ব ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে সমাবেশে একথা বলেন।

সমাবেশে গণগ্রন্থাগার অধিদফতরের পরিচালক আ ফ ম বদিউর রহমানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন গণগ্রন্থাগারের উপপরিচালক সৈয়দ আবদুল হাদী, রাজবাড়ির পৌর চেয়ার-ম্যান আলী নেওয়াজ মাহমুদ খৈয়াম, ভারপ্রাপ্ত জেলা প্রশাসক ওয়াহিদুর রহমান, পুলিশ সুপার মজিবুল হক এবং সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মোখলেসুর রহমান।

সম্প্রতি মন্ত্রণালয়ের উদ্যোগে ৮৭ লাখ টাকা ব্যয়ে রাজবাড়ি গণপূর্ত বিভাগ এই আধুনিক গণগ্রন্থাগারটির নির্মাণ কাজ বাস্তবায়ন করবে।

উল্লেখ করা যেতে পারে, মানবসম্পদ উন্নয়নে গ্রন্থাগারের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা চিন্তা করে বর্তমান সরকার দেশে দ্বিতীয় পর্যায়ে প্রায় ১০ কোটি টাকা ব্যয়ে জেলা পর্যায়ে ১০টি সরকারী গণগ্রন্থাগার স্থাপনের কর্মসূচী হাতে নিয়েছেন। চলতি অর্থবছরে এসব গ্রন্থাগারের নির্মাণ কাজ সম্পন্ন হবে।